# শাহজালাল বিশ্ববিদ্যালয়ের ১০ শিক্ষার্থী বহিষ্কার

শাবিপ্রবি প্রতিনিধি

১৯ জুন ২০২৩ ০৬:২৬ পিএম | আপডেট: ১৯ জুন ২০২৩ ০৬:৫০ পিএম

1.1k
Shares




শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়। ছবি: সংগৃহীত

advertisement..

ক্যাম্পাসে শৃঙ্খলা ভঙ্গের অভিযোগে শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (শাবিপ্রবি) চারটি বিভাগের মোট ১০ শিক্ষার্থীকে বিভিন্ন মেয়াদে বহিষ্কার করা হয়েছে। বিশ্ববিদ্যালয়ের ২২৮তম সিন্ডিকেট সভায় এ সিদ্ধান্ত নেওয়া হয়েছে।

আজ সোমবার দুপুরে বিষয়টি নিশ্চিত করেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ফরিদ উদ্দিন আহমেদ। তিনি বলেন, ক্লাসে শৃঙ্খলা ভঙ্গের অভিযোগে (সহপাঠীকে মারধর) বাংলা বিভাগের ২০১৮-১৯ শিক্ষাবর্ষের ছাত্র গুলশান আহমেদকে ২ বছরের (চার সেমিস্টার) জন্য বহিষ্কার করা হয়েছে। বহিষ্কার আদেশ বহাল থাকা অবস্থায় তিনি হলে ও ক্যাম্পাসে প্রবেশ করতে পারবেন না।

advertisement

পাশাপাশি বাংলা বিভাগের একই বর্ষের সালমা আক্তার বিথী নামের ছাত্রীকে পরীক্ষায় অসদুপায় (লুজ পেপারে আগে লিখে নিয়ে এসে পরীক্ষায় জমা দেওয়া) অবলম্বনের জন্য ২ বছরের (চার সেমিস্টার) জন্য স্থায়ীভাবে বহিষ্কার করা হয়েছে।

অন্যদিকে অর্থনীতি বিভাগের ২০২০-২১ শিক্ষাবর্ষের (স্নাতকোত্তর) ৫ জন, ২০২০-২১ শিক্ষাবর্ষের (প্রথম বর্ষ) ১ জন, জেনেটিক্স ইঞ্জিনিয়ারিং অ্যান্ড বায়োটেকনোলজি বিভাগের ১ জন, রসায়ন বিভাগের ১ জন শিক্ষার্থীকে পরীক্ষায় অসদুপায় অবলম্বনের জন্য একটি করে কোর্স বাতিল করা হয়েছে। পরবর্তী সেমিস্টারে তারা এ কোর্স রেজিস্ট্রেশন করতে পারবেন।

শাবিপ্রবি থেকে প্রথমবার উচ্চতর ডিগ্রি প্রদানের সিদ্ধান্তের বিষয়ে উপাচার্য বলেন, ‘আমাদের বিশ্ববিদ্যালয় থেকে প্রথমবারের মতো ২০ জন শিক্ষার্থীকে এমএসসি ইঞ্জিনিয়ারিং, এমফিল ও পিএইচডি ডিগ্রি প্রদানের সিদ্ধান্ত নেওয়া হচ্ছে। এতে ৬ জন শিক্ষার্থী পিএইচডি, ৯ জন শিক্ষার্থী এমফিল এবং ৫ জন শিক্ষার্থী এমএসএসি ইঞ্জিনিয়ারিং ডিগ্রি প্রদান করা হবে।’

পরীক্ষার ফলাফল প্রকাশ ত্বরান্বিত করতে নতুন সিদ্ধান্ত সম্পর্কে অধ্যাপক ফরিদ উদ্দিন আহমেদ বলেন, শিক্ষার্থীদের পরীক্ষার ফলাফল প্রকাশকে ত্বরান্বিত করতে শিক্ষকদের জন্য নতুন এক সিদ্ধান্ত নেওয়া হয়েছে। এতে শিক্ষকরা যথাসময়ে উত্তরপত্র মূল্যায়ন করে জমা দিতে বলা হয়েছে। তবে জমা দিতে দেরি করলে সংশ্লিষ্ট শিক্ষককে ২০ টাকা করে ‘বিলম্ব ফি’ ও একাডেমিক কাউন্সিলে তাদের নাম শোকজের সুপারিশ করা হবে বলেও জানান তিনি।

1.1k
Shares